

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় পর্যায় (الْمَرْحَلَةُ النَّانِيَةُ)
রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

٩. দামিশকের গভর্নর হারিস বিন আবি শামর গাসসানীর নামে পত্র (الْغَسَّانِيُ شَمِرِ الْغَسَّانِيُ الْكِتَابُ إِلَى الْحَارِثِ بْنِ أَبِي شَمِرِ الْغَسَّانِيُ
 الْكِتَابُ إِلَى الْحَارِثِ بْنِ أَبِي شَمِرِ الْغَسَّانِيُ
 الْكِتَابُ إِلَى الْحَارِثِ بْنِ أَبِي شَمِرِ الْغَسَّانِيُ
 العساحب دمشق

নাবী কারীম (ﷺ) তাঁর নিকট যে পত্র লিখেছিলেন তার বিষয়বস্তু নিম্নে লিপিবদ্ধ করা হল:

(بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ . مِنْ مُحَمَّد رَّسُوْلِ اللهِ إِلَى الْحَارِثِ بْنِ أَبِيْ شَمْرٍ، سَلَامٌ عَلَى مَنْ اِتَّبَعَ الْهُدٰى، وَآمَنَ بِاللهِ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، يِبْقِيْ لَكَ مُلْكَكَ).

বিসমিল্লাহির রহমানির রাহীম

'আল্লাহর রাসূল মুহাম্মাদ (ﷺ) এর পক্ষ হতে হারিস বিন আবি শামর গাসসানীর প্রতি। সে ব্যক্তির উপর শান্তি বর্ষিত হোক যে ঈমান এনেছে, বিশ্বাস স্থাপন করেছে এবং হেদায়াতের অনুসরণ করে। আমি আপনাদের আহবান জানাচ্ছি যে, সেই আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করুন যিনি একক এবং অদ্বিতীয়, তাঁর কোনই অংশীদার নেই এবং যিনি একমাত্র উপাসনার উপযুক্ত। ইসলামের দাওয়াত কবুল করুন, আপনাদের জন্য আপনাদের রাজত্ব স্থায়ীভাবে প্রতিষ্ঠিত থাকবে।'

এ পত্র প্রেরণ করা হয় আসাদ বিন খুযায়মাহ গোত্রের সঙ্গে সংশ্লিষ্ট সাহাবী শুজা' বিন অহাবে (রাঃ)-এর হাতে। যখন তিনি এ পত্রখানা হারেসের হাতে সমর্পণ করেন তখন সে বলল, 'আমার রাজত্ব কে ছিনিয়ে নিতে পারে? আমি তার উপর আক্রমণ পরিচালনা করব।' সে ইসলাম গ্রহণ করলো না।

এতদ শ্রবণে বাদশাহ ক্বায়সার তার সাহসী পদক্ষেপের প্রশংসা করে তাকে রাসূলুল্লাহ (ﷺ) এর বিরুদ্ধে যুদ্ধ পরিচালনার অনুমতি দেয়। হারিস শুজা' বিন ওয়াহাবকে উর্দী কাপড় খাদ্যসামগ্রী দিয়ে উত্তমপন্থায় বিদায় করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6331

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন